




মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.২২.০০১.২০.৪৯

তারিখ: ২৫ আষাঢ়. ১৪৩০
০৯ জুলাই ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তির সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, একাদশ শ্রেণির শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্টদের কথা বিবেচনা করে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ছাড়পত্রের (TC) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতি এবং আন্তঃবোর্ড ছাড়পত্রের (BTC) মাধ্যমে ভর্তির অনুমতির জন্য আবেদনের সময়সীমা ১০-০৭-২০২৩ খ্রি. তারিখ থেকে ২৫-০৭-২০২৩ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হলো। (আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের 'ডাউনলোড' মেনুতে পাওয়া যাবে)। শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে কাঙ্ক্ষিত প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা, নির্ধারিত জিপিএ থাকা এবং উভয় প্রতিষ্ঠান প্রধানের সম্মতি সাপেক্ষে বর্তমান কলেজ কর্তৃক এ বোর্ডের ওয়েবসাইটের (www.jessoreboard.gov.bd) ইনস্টিটিউট প্যানেলে (Institute Panel) আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের পর সোনালী সেবার পেমেন্ট গেটওয়ের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।

বি.দ্র. :

- শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে বর্তমান কলেজের Institute প্যানেল থেকে আবেদন দাখিল করতে হবে এবং ভর্তিছু কলেজ আবেদন 'একসেপ্ট' করবে। আবেদন বোর্ড কর্তৃক অনুমোদিত হলে ইনস্টিটিউট প্যানেলে অনুমতি পত্র পাওয়া যাবে;
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
- ছাড়পত্র প্রদানকালে কলেজে সংরক্ষিত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিয়ে অধ্যক্ষের নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে;
- আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের 'ডাউনলোড' মেনুতে পাওয়া যাবে। আবেদন ফরমে বিস্তারিত নির্দেশাবলী দেয়া আছে।

৯-৭-২০২৩

মদন মোহন দাশ
কলেজ পরিদর্শক (চলতি দায়িত্ব)
ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮
ইমেইল:
ic@jessoreboard.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ৩) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার) , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর